RBI/2017-18/80
FIDD.GSSD.CO.BC.No.17/09.01.03/2017-18

অক্টোবর 18, 2017

চেয়ারম্যান/ প্রাবন্ধিক নির্দেশক

রাষ্ট্রায়ত্ত এবং প্রাইভেট সেক্টর ব্যাঙ্ক

(সংশ্লিষ্ট II তালিকায় যথাপ্রদত্ত)

মাননীয় মহাশয়/ মহাশয়া,

**দীনদয়াল অন্ত্যোদয় যোজনা- জাতীয় গ্রামীণ জীবিকামিশন (ডিএওয়াই- এনআরএলএম)-আজীবিকা- সুদ সহায়তা প্রকল্প**

অনুগ্রহ করে আমাদের দীনদয়াল অন্ত্যোদয় যোজনা- জাতীয় গ্রামীণ জীবিকা মিশন (ডিএওয়াই-এনআরএলএম) এর অধীনে সুদ সহায়তা প্রকল্পের উপর **অগস্ট 25, 2016 তারিখঙ্কিত সারকুলার FIDD.GSSD.CO.BC.NO.13/09.01.03/2016-17** দেখুন।

2. 2017-18 বর্ষের জন্য ডিএওয়াই-এনআরএলএম -এর অধীনস্থ **সুদ সহায়তা প্রকল্প**-র উপর সংশোধিত নির্দেশিকা যা ভারত সরকারের গ্রামোন্নয়ন মন্ত্রক থেকে প্রাপ্ত হয়েছে, (সংযুক্ত তালিকা অনুসারে) সেটি 21 টি রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্ক এবং 19 টি প্রাইভেট সেক্টর ব্যাঙ্কের দ্বারা রূপায়নের জন্য সংযোজিত আছে। আরআরবি এবং সমবায় ব্যাঙ্কের ক্ষেত্রে প্রযোজ্য সারকুলার নাবার্ড কর্তৃক জারি করা হবে।

আপনার বিশ্বস্ত

(অজয় কুমার মিশ্র)
মুখ্য মহা প্রবন্ধক
সংযোজিত: যেমন উল্লেখিত

## মহিলা স্বনির্ভর গোষ্ঠীর জন্য সুদ সহায়তা প্রকল্প- 2017-18 বর্ষ

### I. সংযোজন I অনুসারে 2017-18 বর্ষের জন্য 250 টি জেলায় মহিলা স্বনির্ভর গোষ্ঠীর প্রতি ঋণের ক্ষেত্রে সুদ সহায়তা প্রকল্প

i. সকল মহিলা স্বনির্ভর গোষ্ঠী (এসএইচজি) ₹ 3 লক্ষ পর্যন্ত বর্ষপ্রতি 7% হারে সুদ সহায়তা পাওয়ার যোগ্য। যেসকল স্বনির্ভর গোষ্ঠী তাদের উপস্থিত ঋণ পরিশোধার্থে দেয় রাশির মধ্যে এসজিএসওয়াই-এর অধীনে মূলধনী ভর্তুকি গ্রহণ করেছে তারা এই প্রকল্পের অধীনে সুবিধা পাওয়ার যোগ্য নয়।

ii. ব্যাঙ্ক গ্রামীণ এলাকার মহিলা স্বনির্ভর গোষ্ঠীগুলিকে 7% হারে ধার দেবে।

iii. 2017-18 বর্ষের জন্য ব্যাঙ্কগুলিকে সুদ সহায়তা দেওয়া হবে পরিমাপভিত্তিক গড় ধার্য সুদ (ডব্লিউএআইসি, যা অর্থমন্ত্রকের আর্থিক পরিষেবা বিভাগ দ্বারা 2017-18 বর্ষের জন্য নির্ধারিত হয়েছে-– **সংলগ্নক II**) এবং 7% ব্যবধানের ভিত্তিতে 5.5% -এর সর্বোচ্চ সীমার সাপেক্ষে। এই সুদ সহায়তাটি ব্যাঙ্কগুলির জন্য প্রাপ্য হবে এই শর্তে যে তারা স্বনির্ভর গোষ্ঠীগুলির জন্য বর্ষপ্রতি 7% হারে সুদ প্রদান করেছে।

iv. অধিকন্তু, তৎপরতার সাথে ঋণ-শোধের সাপেক্ষে স্বনির্ভর গোষ্ঠীগুলিকে 3%–এর সুদ সহায়তা অতিরিক্ত প্রদান করা হবে। তৎপরতার ভিত্তিতে ঋণ-শোধের সাপেক্ষে অতিরিক্ত 3%–এর সুদ সহায়তার জন্য, কোনও একটি স্বনির্ভর গোষ্ঠীকে তখনই তৎপরতার সাথে পরিশোধকারী হিসাবে বিবেচনা করা হবে যদি সেটি ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক (আরবিআই) কর্তৃক নির্ধারিত নিম্নবর্ণিত মাপকাঠিগুলি পূরণ করে।

a. ক্যাশ ক্রেডিট সীমার জন্য:

1. দেয় (আউটস্ট্যান্ডিং) ব্যালান্স একটানা 30 দিনের বেশী সীমা/ তোলার ক্ষমতার অতিরিক্ত সময় ধরে পড়ে না থাকলে।
2. অ্যাকাউন্টে যেন নিয়মিত রাশি-জমা এবং রাশি-তোলা চলতে থাকে । আবশ্যিকভাবে **প্রতি মাসে অন্ততঃ একটি 'গ্রাহক স্ব-উদ্যোগ রাশি-জমা'**-র দৃষ্টান্ত থাকতে হবে।
3. **গ্রাহক স্ব-উদ্যোগ রাশি-জমার** পরিমানটিকে উক্ত মাসের মেয়াদকালীন কেটে নেওয়া সুদরাশির পরিমানকে ব্যাপ্তির মধ্যে আনার জন্য পর্যাপ্ত হতে হবে।

b. মেয়াদী ঋণের ক্ষেত্রে: একটি মেয়াদী ঋণ অ্যাকাউন্ট যেটির ক্ষেত্রে সবকটি সুদরাশি এবং/ অথবা আসলের কিস্তি ধারের মেয়াদকালে নির্ধারিত সময়ের 30 দিনের মধ্যেই ফেরত দেওয়া হয়ে গেছে, সেটি তৎপরতার ভিত্তিতে ঋণ-শোধকারী অ্যাকাউন্ট হিসাবে বিবেচ্য হবে।

v. তৎপর পেমেন্টের নির্দেশিকাগুলি এই বিষয়ের উপর আরবিআই নির্দেশিকার ভিত্তিতে ধারাবাহিক ভিত্তিতে নির্ধারিত হবে।

সকল তৎপর অর্থফেরতকারী এসএইচজি অ্যাকাউন্টগুলি রিপোর্টিং ত্রৈমাসিকের শেষে অতিরিক্ত 3%–এর সুদ সহায়তা পাওয়ার যোগ্য হবে৷ ব্যাঙ্কগুলিকে যোগ্য এসএইচজি ঋণ অ্যাকাউন্টগুলিতে 3% সুদ সহায়তা বাবদ রাশি জমা করে দিতে হবে এবং তারপর সংশ্লিষ্ট প্রতিপূরণ দাবি করতে হবে৷

vi. প্রকল্পটি কেবলমাত্র গ্রামীণ এলাকায় মহিলা স্বনির্ভর গোষ্ঠীর মধ্যেই সীমাবদ্ধ থাকবে৷

vii. প্রকল্পটির জন্য তহবিল সংস্থান করা হবে ডিএওয়াই-এনআরএলএম-এর অধীনস্থ কেন্দ্রীয় বরাদ্দ থেকে৷

viii. গ্রাম উন্নয়ন মন্ত্রক (এমওআরডি) কর্তৃক নির্বাচিত কোনও নোডাল ব্যাঙ্কের মাধ্যমে সুদ সহায়তা প্রকল্পটি রূপায়িত হবে৷ এমওআরডি-র আদেশ মেনে, একটি ওয়েব নির্ভর প্লাটফর্মের মাধ্যমে প্রকল্পটি কার্যকরী করা হবে৷ 2017-18 বর্ষের জন্য, কানাড়া ব্যাঙ্ক এমওআরডি-র নোডাল ব্যাঙ্ক হিসাবে মনোনীত হয়েছে৷

ix. প্রকল্পটির অধীনে সুদ-সহায়তা পাওয়ার জন্য, ব্যাঙ্কগুলিকে কোর ব্যাঙ্কিং সলিউশন (সিবিএস) ব্যবস্থার অধীনে কাজ করতে হবে৷

x. ঋণের উপর @ 7% হারে সুদ সহায়তার প্রাপ্তির উদ্দেশ্যে, ব্যাঙ্কগুলিকে এসএইচজি ঋণ অ্যাকাউন্টের তথ্যাদি টেকনিকাল নির্দিষ্টকরণের জন্য নোডাল ব্যাঙ্কের পোর্টালে আপলোড করতে হবে৷ স্বনির্ভর গোষ্ঠীগুলির দ্বারা তৎপরতার সাথে ঋণ-শোধের সাপেক্ষে অতিরিক্ত 3%–এর সুদ সহায়তা পাওয়ার দাবিও একই পোর্টালে আপলোড করতে হবে৷ ত্রৈমাসিক ভিত্তিতে জুন 30, 2017, সেপ্টেম্বর 30, 2017, ডিসেম্বর 31, 2017 এবং মার্চ 31, 2018 তারিখের উভয় প্রকার দাবি যথা- নিয়মিত দাবি (ডব্লিউএআইসি বা ঋণহার এবং 7%–এর মধ্যে পার্থক্য) এবং অতিরিক্ত দাবি (তৎপরতার সাথে ঋণ-শোধের সাপেক্ষে @ 3%) পেশ করতে হবে পরবর্তী মাসের শেষ সপ্তাহের মধ্যে৷

xi. ব্যাঙ্ক কর্তৃক জমাকৃত দাবিগুলির সাথে দাবি-প্রমানপত্র(মূল) জমা করতে হবে যা এইমর্মে স্বীকৃতি দেবে যে সুদ সহায়তা প্রাপ্তির সাপেক্ষে পেশ করা দাবি সত্য এবং যথার্থ (**সংলগ্নক-III** ও **IV**)৷ মার্চ 2018–তে শেষ হওয়া ত্রৈমাসিকের জন্য কোনও ব্যাঙ্কের দ্বারা পেশ করা দাবি-র নিষ্পত্তি, এমওআরডি কেবলমাত্র ব্যাঙ্কের থেকে গোটা 17-18 অর্থবর্ষের জন্য সংবিধিবদ্ধ অডিটরের প্রমানপত্র প্রাপ্তির ভিত্তিতে করবে৷

xii. 2017-18 বর্ষে করা রাশিবন্টনের সঙ্গে সংশ্লিষ্ট কোনও অবশিষ্ট দাবি এবং যা ঐ বর্ষের মধ্যে অন্তর্ভুক্ত নয়, পৃথকভাবে একত্রিকৃত করতে হবে এবং 'অতিরিক্ত দাবি' হিসাবে চিহ্নিত করতে হবে এবং সংবিধিবদ্ধ অডিটর দ্বারা যথানির্ধারিত অডিট মারফত নির্ভুলতার প্রমানস্বীকৃতির সাপেক্ষে নোডাল ব্যাঙ্কে জুন 30, 2018–এর মধ্যে জমা করতে হবে৷ 2017-18 অর্থবর্ষের সাথে সংশ্লিষ্ট সুদ-সহায়তার কোনও দাবি জুন 30, 2018–এর পরে গ্রহণযোগ্য হবে না৷

xiii. ব্যাঙ্কগুলির দ্বারা পেশ করা দাবির সাপেক্ষে কোনও সংশোধন অডিটরের প্রমানপত্রের ভিত্তিতে পরবর্তীকালে রাশিসমন্বিত(অ্যাডজাস্ট) করতে হবে এবং আবশ্যিকভাবে তদনুরূপ সংশোধন নোডাল ব্যাঙ্কের পোর্টালে করতে হবে৷

## II. প্রকার II জেলাসমূহের জন্য সুদ সহায়তা প্রকল্প (250টি জেলা বাদে)

প্রকার II জেলাসমূহের ক্ষেত্রে, যার মধ্যে এরকম জেলাগুলি পড়ে যেগুলি উপরোক্ত 250 টি জেলার মধ্যে অন্তর্গত নয়, ডিএওয়াই-এনআরএলএম-এর অধীনস্থ সকল মহিলা স্বনির্ভর গোষ্ঠী সুদ সহায়তা পাওয়ার জন্য যোগ্য হবে যাতে তারা 7% সুদহারে ঋণ সুবিধা পায়৷ এই সুদ সহায়তার জন্য তহবিল সংস্থান ডিএওয়াই- এনআরএলএম –এর জন্য বরাদ্দ রাশি থেকে রাজ্য গ্রামীন জীবিকা মিশন (এসআরএলএম) কে প্রদান করা হবে৷ প্রকার II জেলাসমূহে, ব্যাঙ্কসমূহ স্বনির্ভর গোষ্ঠীগুলির থেকে যথাবিহিত ঋণ প্রদান বিধি অনুসারে মাশুল আরোপ করবে এবং স্বনির্ভর গোষ্ঠীর ঋণ অ্যাকাউন্টে ঋণসুদহার এবং 7% –এর ব্যবধানের ভিত্তিতে 17-18 অর্থবর্ষের জন্য সর্বোচ্চ 5.5% -এর সীমার সাপেক্ষে সহায়তারাশি এসআরএলএম কর্তৃক প্রদান করা হবে৷ উপরোক্ত বিবৃতি অনুসারে, প্রকার II জেলাসমূহের জন্য সুদ সহায়তা বিষয়ক লক্ষ্যণীয় বৈশিষ্ট এবং প্রয়োগ সংক্রান্ত নির্দেশিকাগুলি হল নিম্নরূপ:

### (A) ব্যাঙ্কসমূহের ভূমিকা:

যেসকল ব্যাঙ্ক কোর ব্যাঙ্কিং সলিউশন (সিবিএস) ব্যববস্থায় ক্রিয়াশীল তাদেরকে, সবকটি জেলা জুড়ে যেকটি স্বনির্ভর গোষ্ঠী আছে তাদের মধ্যে ঋণবন্টন এবং ঋণ-সংক্রান্ত বকেয়া রাশি সম্বন্ধীয় বিশদ সরাসরি সিবিএস প্লাটফর্ম থেকে এমওআরডি প্রস্তাবিত প্রার্থিত ফর্মায় গ্রামোন্নয়ন মন্ত্রকের নিকট (এফটিপি অথবা ইন্টারফেস মারফত) এবং এসআরএলএম-এর নিকট পেশ করতে হবে৷ স্বনির্ভর গোষ্ঠীগুলির প্রতি সুদ সহায়তা বাবদ রাশির হিসাবনিকেশ এবং বন্টনের সুবিধার্থে উক্ত তথ্যাদি মাসিক ভিত্তিতে দাখিল করতে হবে৷

### (B) রাজ্য সরকারগুলির ভূমিকা:

i. গ্রামীন এলাকায় সকল মহিলা স্বনির্ভর গোষ্ঠ ডিএওয়াই-এনআরএলএম –এর অধীনস্থ স্বনির্ভর গোষ্ঠী হিসাবে গৃহিত এবং তৎপর ঋণপরিশোধের ক্ষেত্রে, ₹ 3 লক্ষ পর্যন্ত ঋণের উপর বার্ষিক 7% হারে সুদ সহায়তা পাওয়ার জন্য যোগ্য হবে৷

ii. এই প্রকল্পটি রূপায়ন করবে রাজ্য গ্রামীন জীবিকা মিশন(এসআরএলএম)। এসআরএলএম সুদ সহায়তা প্রদান করবে এবং তহবিল-এর সংস্থান করা হবে ভারত সরকারের বিধি অনুসারে, কেন্দ্রীয় বরাদ্দ এবং রাজ্যের অবদানের ভিত্তিতে৷

iii. এসআরএলএম কর্তৃক 2017-18 বর্ষে স্বনির্ভর গোষ্ঠীগুলিকে সুদ সহায়তা দেওয়া হবে ব্যাঙ্কের ঋণ সুদহার এবং 7% –এর ব্যবধানের ভিত্তিতে 5.5% -এর সর্বোচ্চ সীমার সাপেক্ষে, সরাসরি মাসিক/ ত্রৈমাসিক ভিত্তিতে৷ যেসকল স্বনির্ভর গোষ্ঠী তৎপর ভিত্তিতে ঋণ ফেরত দেবে তাদের ঋণ অ্যাকাউন্টে এসআরএলএম কর্তৃক সুদ-সহায়তা রাশি ই-ট্রান্সফার করা হবে৷ যেক্ষেত্রে ঋণ অ্যাকাউট ইতোমধ্যে বন্ধ করা হয়ে গেছে বা কোনও কারণে ই-ট্রান্সফার সফলভাবে করা যায় নি, সেক্ষেত্রে সুদ-সহায়তা রাশি সম্পর্কিত স্বনির্ভর গোষ্ঠীর সংশ্লিষ্ট সেভিংস অ্যাকাউন্টে প্রেরণ করা হবে৷

iv. সুদ সহায়তার ক্ষেত্রে, একটি অ্যাকাউন্ট তখনই তৎপর প্রদানকারী অ্যাকাউন্ট হিসাবে বিবেচিত হবে যদি তা আরবিআই নির্ধারিত নিম্নলিখিত মানদন্ডগুলি পালন করে:

a. ক্যাশ ক্রেডিট সীমার ক্ষেত্রে:

1. দেয় (আউটস্ট্যান্ডিং) ব্যালান্স একটানা 30 দিনের বেশী সীমা/ তোলার ক্ষমতার অতিরিক্ত না পড়ে থাকলে৷
2. অ্যাকাউন্টে নিয়মিত রাশি-জমা এবং রাশি-তোলা চলতে থাকতে হবে৷ প্রতি মাসে আবশ্যিকভাবে অন্ততঃ একটি গ্রাহক স্ব-উদ্যোগ রাশি-জমা-র র দৃষ্টান্ত থাকতে হবে৷
3. গ্রাহক স্ব-উদ্যোগ রাশি-জমার পরিমানটিকে উক্ত মাসের মেয়াদকালীন কেটে নেওয়া সুদরাশির পরিমানকে ব্যাপ্তির মধ্যে আনার জন্য পর্যাপ্ত হতে হবে৷

b. মেয়াদী ঋণের ক্ষেত্রে: একটি মেয়াদী ঋণ অ্যাকাউন্ট তৎপরভাবে প্রদানকারী অ্যাকাউন্ট হিসাবে তখনই বিবেচিত হবে যেখানে সবকটি সুদপ্রদান এবং/ অথবা আসলের কিস্তি ঋণের মেয়াদকালীন নির্ধারিত তারিখের 30 দিনের মধ্যে প্রদান করা হয়ে গিয়েছে৷ ভবিষ্যতে তৎপর প্রদান সম্পর্কিত নির্দেশিকা উক্ত বিষয়ের উপর আরবিআই নির্দেশিকার দ্বারা ধারাবাহিকভাবে নিয়ন্ত্রিত হবে৷

v. যেসকল মহিলা স্বনির্ভর গোষ্ঠী এজিএসওয়াই-এর অধীনে তাদের উপস্থিত ঋণসমূহে মূলধন ভর্তুকি গ্রহণ করেছে তারা তাদের উপস্থিত ঋণের ক্ষেত্রে এই প্রকল্পের অধীনে সুদ সহায়তার সুবিধার জন্য যোগ্য নয়৷

vi. এসআরএলএম গুলিকে যোগ্য স্বনির্ভর গোষ্ঠীগুলির ক্ষেত্রে ঋণ অ্যাকাউন্টে প্রেরিত সুদ সহায়তা রাশি চিহ্নিত করে ত্রৈমাসিকভিত্তিক সদব্যবহার প্রমানপত্র জমা করতে হবে৷

**III**. গ্রামোন্নয়ন মন্ত্রক (এমওআরডি) রাজ্যসরকারগুলির সাথে আলোচনার সাপেক্ষে রাজ্যওয়াড়ি নির্দিষ্ট সুদ সহায়তা প্রকল্পগুলির সাথে (যদি থাকে) প্রয়োজনীয় সাম্য রক্ষা করবে৷